

এসএসসি ও এইচএসসিতে অভিন্ন প্রশ্ন থাকছে না

আজিজুল পারভেজ ▷

এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অভিন্ন প্রশ্ন আর থাকছে না। প্রশ্ন হবে বোর্ডভিত্তিক। অর্থাৎ আটটি শিক্ষা বোর্ড আলাদা আলাদা প্রশ্নে পরীক্ষা নেবে। প্রশ্নপত্র ফাঁস রোধের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় এই সিদ্ধান্ত নিয়েছে। ২ ফেব্রুয়ারি থেকে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার সব প্রশ্ন বোর্ডভিত্তিক হবে। সারা দেশের শিক্ষার্থীদের সমতা বিধান ও একই মানদণ্ডে মূল্যায়নের জন্য ২০১০ সালে অভিন্ন প্রশ্নপত্র প্রবর্তন করা হয়। প্রথম বছর বাংলা ও ধর্ম অভিন্ন প্রশ্নে গ্রহণ করা হয়। তারপর পর্যায়ক্রমে অভিন্ন প্রশ্নের সংখ্যা বাড়াছিল। গত বছর এসএসসি পরীক্ষার ২৩টি বিষয় অভিন্ন প্রশ্নপত্রে গ্রহণ করা হয়। দাতা সংস্থা এডিবি'র পরামর্শ ও অধীনে 'মাধ্যমিক শিক্ষা মান উন্নয়ন প্রকল্প এসইএসডিপি'-এর অধীনে সৃজনশীল পদ্ধতি ও একমুখী শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে অভিন্ন প্রশ্নপত্র প্রবর্তন করা হয়। কিন্তু অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা চালু হওয়ার পর প্রশ্ন ফাঁসের ঘটনা ঘটতে থাকে। দেখা গেছে, দেশের কোনো একটি এলাকায় একটি প্রশ্নপত্র ফাঁস হলে তা দ্রুত ফেসবুক ও টেলিফোনের মাধ্যমে সারা দেশে ছড়িয়ে পড়তে থাকে। গেল দুই বছরে প্রায় সব পাবলিক পরীক্ষায় ব্যাপক হারে প্রশ্ন ফাঁসের ঘটনা ঘটে। তার পরিপ্রেক্ষিতে গত নভেম্বর মাসে অনুষ্ঠিত জেএসসি পরীক্ষায় বোর্ডভিত্তিক প্রশ্নে পরীক্ষা গ্রহণ করা হয়। মোট ১২ সেট প্রশ্ন আলাদা ছিল বলে জানা গেছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন জানিয়েছেন, প্রশ্ন ফাঁস রোধের জন্যই আবার বোর্ডভিত্তিক প্রশ্ন প্রণয়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এবার জেএসসি পরীক্ষায় বোর্ডভিত্তিক প্রশ্ন প্রণয়ন করে সুফল পাওয়ায় এসএসসি পরীক্ষায় এই বোর্ডভিত্তিক প্রশ্ন পুনঃপ্রবর্তনের সিদ্ধান্ত হয়েছে। জানা গেছে, এসএসসি পরীক্ষায় আট শিক্ষা বোর্ডের জন্য ৩২ সেট প্রশ্ন তৈরি করা হবে। এর মধ্য থেকে ১৬ সেট প্রশ্ন ছাপানো হবে। ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক শ্রীকান্ত কুমার চন্দ্র জানান, প্রতিটি বোর্ড আলাদা আলাদা প্রশ্ন প্রণয়ন করবে। কিন্তু কোনো বোর্ডই নিজেদের তৈরি প্রশ্নপত্রে পরীক্ষা নিতে পারবে না। অন্য সাত বোর্ডের প্রণীত প্রশ্ন থেকে লটারির মাধ্যমে দুই সেট প্রশ্ন পাবে। কোনো প্রশ্নের ওপরই বোর্ডের নাম থাকবে না। থাকবে শুধু কোড নাম্বার। এর ফলে প্রশ্ন মুদ্রণের সঙ্গে সংশ্লিষ্টরাও জানতে পারবে না কোন বোর্ডের প্রশ্ন কোনটি।